করোনায় দেশে আরও ৩৯ জনের মৃত্যু

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৩৯ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে করোনায় মোট মৃতের সংখ্যা দাঁড়াল ১৩ হাজার ৭১ জনে।

এ সময় নতুন করে করোনা আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছেন ১ হাজার ৬৩৭ জন। এ নিয়ে মোট আক্রান্ত রোগীর সংখ্যা আট লাখ ২৪ হাজার ৪৮৬ জন। এর আগে শুক্রবার করোনাভাইরাসে ৪৩ জনের মৃত্যু ও শনাক্ত হয়েছেন ২ হাজার ৪৫৪ জন।

শনিবার স্বাস্থ্য অধিদফতরের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় করোনা শনাক্তের হার ১৪.১২ শতাংশ। গত ২৪ ঘণ্টায় নমুনা পরীক্ষা করা হয়েছে ১১ হাজার ৫৯০টি।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়েছে, গত ২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়েছেন ২ হাজার ১০৮ জন। এ নিয়ে মোট সুস্থ হলো ৭ লাখ ৬৪ হাজার ২৪ জন।

মেহেরপুর হাসপাতালের বড়বাবু হাবিব কোটিপতি!

১২তম গ্রেডের কর্মচারী হিসেবে ২১৩৮০ টাকা স্কেল অনুযায়ী সর্বসাকূল্যে ৩১ থেকে ৩২ হাজার টাকা মাসিক বেতন পান মীর হাবিবুর রহমান। বর্তমানে তিনি মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের প্রধান অফিস সহকারী কাম হিসাবরক্ষক (বড়বাবু) পদে কর্মরত রয়েছেন। করেননা কোন ব্যবসাও। চাকরিবিধি অনুযায়ী ব্যবসাও করতে পারবেন না। কিন্তু আলাদিনের চেরাগ পাওয়ার মত কয়েক কোটি টাকা সম্পদের মালিক বনে গেছেন তিনি। তার এ সম্পদের উৎস কি? এ নিয়ে হাসপাতালের স্টাফদের মধ্যে চলে আলোচনা।

মীর হাবিবুর রহমান হাবিব একই কর্মস্থলে রয়েছেন ১৩ বছর। এর আগে গানী উপজেলা হাসপাতালে ছিলেন ১৪ বছর। একই জেলায় দীর্ঘদিন থাকায় হাসপাতালের মেডিকেল যন্ত্রপাতি (এমএসআর) ঔষধসহ বিভিন্ন দ্রবাদি, রোগীদের খাবার, মেইনটেনেন্স এমনকি সবক্ষেত্রেই ঠিকাদারদের সাথে তৈরি হয়েছে সখ্যতা। সেখান থেকে কমিশন বাণিজ্যর মাধ্যমে তিনি অর্থবিত্তের মালিক বনে গেছেন বলে অভিযোগ রয়েছে। এছাড়াও হাসপাতালেল দুটি এ্যাম্বুলেন্সকে তিনি নিজের মত করে ব্যবহার করেন। অভিযোগ রয়েছে এ্যাম্বুলেন্সে করে তার স্ত্রী, মেয়েসহ পরিবারের সদস্যদের গাংনীসহ বিভিন্ন স্থানের যাতায়াত করেন প্রতিনিয়ত।

হাসপাতাল সূত্রে জানা গেছে, প্রতিবছর কমপক্ষে চার কোটি টাকার এমএসআর ক্রয় করা লাগে। কোন কোন বছর অতিরিক্ত বরাদ্দও দিতে হয়।

যখন যে সরকার ক্ষমতায় এসেছে তখন সেই এমপির সাথে সখ্যাতা গড়ে তুলেন মীর হাবিবুর রহমান। ২০১৯ সালে জাতীয় নির্বাচন কালীন সময়ে বিভিন্ন গোয়েন্দা বিভাগের তদন্ত প্রতিবেদনের ফলে তাকে বরিশালে বিভাগে বদিল করা হয়। কিন্তু ক্ষমতাবলে তিনি সেই বদলি আদেশ পরিবর্তন করে একই স্থানে রয়েছেন।

মীর হাবিবুর রহমানের সম্পদ অনুসন্ধান করে জানা গেছে, মেহেরপুর শহরের নতুন পৌর ঈদগাহের সামনে তিন তলা ভবন একটি, পাশেই একতলা আরেকটি ভবন একটি মহিলা মাদ্রাসাকে ভাড়া দেওয়া হয়েছে। জমিসহ ভবন দুটির মূল্যে কোটি টাকার বেশি হবে। গাংনী বাজারের স্মরণিকা মার্কেটে হাবিবা লেডিস কর্ণার নামের গার্মেন্টস, যেখানে প্রায় অর্ধকোটি টাকা বিনিয়োগ করা হয়েছে। নিজ গ্রাম মেহেরপুর সদর উপজেলার শ্যামপুরসহ বিভিন্ন স্থানে ২৫ থেকে ৩০ বিঘা জমি ক্রয় করেছেন। যার মূল্যে কোটি টাকার বেশি। মীর হাবিবুর রহমানের তিন মেয়ে ও এক পুত্র সন্তান। ছেলে একটি নামকরা প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে সিএসই কম্পিউটার সায়েন্স এ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের লেখাপড়া করে।

নাম প্রকাশে অনিচ্ছুক হাসপাতালেল কয়েকজন চিকিৎসক ও স্টাফ জানান, হাসপাতালের বড়বাবু হাবিব কোটি কোটি টাকার মালিক হয়েছেন শুধুমাত্র কমিশন বাণিজ্য করে। দীর্ঘদিন একই কর্মস্থলে থাকার কারণে তিনি এই সুযোগ পেয়েছেন। এছাড়া বড়বাবু হওয়ার কারণে তার বিরুদ্ধে কেউ কোন কথা বলতে পারেন না। দ্রুত তার সম্পদের তদন্ত করে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া প্রয়োজন।

হাসপাতালের এক এ্যাম্বুলেন্স ড্রাইভার জানান, বড়বাবু যা বলে তাই করতে হয়। হাসপাতালের দুটি এ্যাম্বুলেন্সকেই তিনি নিজের প্রয়োজনের ব্যবহার করেন। আমরা ছোট চাকরি করি। আমাদের চাকরি হারাতে হয় এমন কোন নিউজ করেননা ভাই।

প্রধান সহকারী কাম হিসাবরক্ষক মীর হাবিবুর রহমানের সাথে কথা হলে তিনি বলেন, মোবাইলে সব কথা বলা যায় না। পৈত্রিক সম্পত্তি পেয়েছি ৮বিঘা। পরে আমি কিছু কিনেছি। সব মিয়ে ১৫ থেকে ১৬ বিঘা জমি হবে। এছাড়া বিভিন্ন সময় বড় জামাইয়ের সাথে ভূষি মালের ব্যবসা করি। এভাবেই টাকা হয়েছে। কমিশন বাণিজ্যসহ অন্যান্য সুযোগ সুবিধার বিষয়ে তিনি বলেন, কিছু লোক আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করে এসকল তথ্য রটিয়েছে।

মেহেরপুর ২৫০ শয্যা জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. রফিকুল ইসলাম বলেন, প্রধান সহকারী মীর হাবিবুরের রহমানের বিরুদ্ধে এখনো পর্যন্ত কোন অভিযোগ পাইনি। কমিশন বাণিজ্য, এ্যাম্বুলেন্স ব্যবহারের বিষয়গুলো প্রথম শুনলাম। অভিযোগ পেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। একই সঙ্গে তিনি যদি এ্যাম্বুলেন্স ব্যবহার করে থাকেন তাহলেও ব্যবস্থা নেওয়া হবে।

রাজশাহীতে ২৪ ঘণ্টায় আরও ৮ জনের মৃত্যু

রাজশাহী মেডিকেল কলেজ (রামেক) হাসপাতালে করোনায় আরও আটজনের মৃত্যু হয়েছে।

সোমবার সকাল ৯টা থেকে মঙ্গলবার সকাল ৯টা পর্যন্ত ২৪ ঘণ্টায় তাদের মৃত্যু হয়।

এর আগে রামেকে চিকিৎসাধীন থেকে রোববার সকাল ৮টা থেকে সোমবার সকাল ৮টা পর্যন্ত সাতজনের মৃত্যু হয়।

রামেক হাসপাতালের উপপরিচালক ডা. সাইফুল ফেরদৌস বিষয়টি নিশ্চিত

করেছেন।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় রামেক হাসপাতালে মারা যাওয়া আটজনের মধ্যে তিনজন চাঁপাইনবাবগঞ্জ জেলার। অন্যদের মধ্যে রাজশাহীর চারজন ও পাবনার একজন রয়েছেন। স্বাস্থ্যবিধি মেনে তাদের লাশ দাফনের পরামর্শ দেওয়া হয়েছে।

তিনি আরও জানান, মঙ্গলবার সকাল পর্যন্ত হাসপাতালের করোনা ইউনিটে ২৩৭ রোগী চিকিৎসাধীন রয়েছেন।

করোনায় দেশে শনাক্ত ও মৃত্যু আরও বাড়ল

করোনাভাইরাসে গত ২৪ ঘণ্টায় দেশে আরও ৪৪ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে করোনায় মোট মৃতের সংখ্যা দাঁড়াল ১২ হাজার ৯১৩ জনে।

এই সময়ে নতুন করে করোনা আক্রান্ত হিসেবে শনাক্ত হয়েছেন ২ হাজার
৩২২। এ নিয়ে দেশে এ ভাইরাস শনাক্ত হওয়া মোট রোগীর সংখ্যা দাঁড়াল ৮ লাখ ১৫ হাজার ২৮২ জনে।

মঙ্গলবার স্বাস্থ্য অধিদফতরের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় করোনা শনাক্তের হার ১২.১২ শতাংশ। গত ২৪ ঘণ্টায় নমুনা পরীক্ষা করা হয়েছে ১৯ হাজার ১৬৫ টি।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, গত ২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়েছেন ২ হাজার ৬২ জন। এ নিয়ে মোট সুস্থ হলো ৭ লাখ ৫৫ হাজার ৩০২ জন।

দেশে করোনায় একদিনে আরও ৪৩ জনের মৃত্যু

করোনায় আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় (শুক্রবার সকাল ৮টা থেকে শনিবার সকাল ৮টা পর্যন্ত) দেশে আরও ৪৩ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে করোনায় দেশে মোট ১২ হাজার ৮০১ জনের মৃত্যু হলো।

এ ছাড়া দেশে নতুন করে আরও ১ হাজার ৪৪৭ জনের করোনা শনাক্ত হয়েছে। এ নিয়ে দেশে মোট ৮ লাখ ৯ হাজার ৩১৪ জনের করোনা শনাক্ত হলো।

শনিবার বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. নাসিমা সুলতানা স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা সিটিসহ দেশের বিভিন্ন হাসপাতালে ও বাড়িতে উপসর্গ বিহীন রোগীসহ গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৬৬৭ জন। এ পর্যন্ত মোট সুস্থ হয়েছেন ৭ লাখ ৪৯ হাজার ৪২৫ জন। সারাদেশে সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় ৫০৯টি ল্যাবে নমুনা সংগ্রহ ও পরীক্ষা হয়েছে। এর মধ্যে আরটি-পিসিআর ল্যাব ১৩১টি, জিন এক্সপার্ট ৪৪টি, র্যাপিড অ্যান্টিজেন ৩৩৪টি। এসব ল্যাবে ২৪ ঘণ্টায় নমুনা সংগ্রহ হয়েছে ১২ হাজার ৭৬৬টি। মোট নমুনা পরীক্ষা করা হয়েছে ১৩ হাজার ১১৫টি। এ পর্যন্ত নমুনা পরীক্ষা হয়েছে ৬০ লাখ ৩৪ হাজার ২৬০টি।

এতে আরও জানানো হয়, গত ২৪ ঘণ্টায় নমুনা পরীক্ষায় শনাক্তের হার ১১ দশমিক ০৩ শতাংশ। এ পর্যন্ত নমুনা পরীক্ষা বিবেচনায় শনাক্তের হার ১৩ দশমিক ৪১ শতাংশ এবং শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৯২ দশমিক ৬০ এবং শনাক্ত বিবেচনায় মৃত্যুর হার ১ দশমিক ৫৮ শতাংশ।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য মতে, ২০২০ সালের ৮ মার্চ দেশে করোনা ভাইরাসের প্রথম রোগী শনাক্ত হয়। এর ১০ দিন পর ১৮ মার্চ করোনায় আক্রান্ত হয়ে প্রথম একজনের মৃত্যু হয়। এরপর ধীরে ধীরে আক্রান্ত ও মৃত্যুর হার বাড়তে থাকে।

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

[illegible]

সাংবাদিকদের অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩টায় ঝিনাইদহ সিভিল সার্জন কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন সিভিল সার্জন ডা. সেলিনা বেগম, এছাড়া ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সাধারণ সম্পাদক মাহমুদ হাসান টিপু বক্তব্য রাখেন।

অবহিতকরণ সভায় সিভিল সার্জন কার্যালয়ের পক্ষ থেকে জানানো হয় আগামী ৫ থেকে ১৯জুন তারিখ পর্যন্ত সারা দেশেরন্যায় ঝিনাইদহে জাতীয় ভিটামিন “এ” প্লাস ক্যাম্পেইন -২০২১ অনুষ্ঠিত হবে।

এই ক্যাম্পেইন চলা কালে ঝিনাইদহ জেলার ৬টি উপজেলার ৪টি পৌরসভার ১৯৬৮টি অস্থায়ী এবং ৯টি স্থায়ীসহ ১৯৭৭টি ক্যাম্পের মাধ্যমে ৬ থেকে ১১ মাসের ২৭,৯৫৯ শিশুকে এবং ১২ থেকে ৫৯ মাস বয়সের ২,০৭,৮৫৯ জন শিশুকে এই টিকা খাওয়ানো হবে বলে জানান।

মেহেরপুরে নার্সের অবহেলায় নবজাতকের মৃত্যুর ঘটনায় মানববন্ধন অবস্থান

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নাজমিন নাহার ও জান্নাতুল নাঈম নামের দুই নার্স এর অবহেলায় নবজাতকের মৃত্যুকে কেন্দ্র করে ঘটনার বিচারের দাবিতে মানববন্ধন ও অবস্থান ধর্মঘট করেছে ভুক্তভোগী পরিবারের সদস্যরা।

গতকাল বুধবার সকাল সাড়ে দশটার দিকে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সামনে মানববন্ধন করেন তারা। এসময় বক্তব্য রাখেন ভুক্তভোগী পরিবারের সদস্য রাসেল ও মারুফ। পরে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়কের রুমের সামনে বসে অবস্থান ধর্মঘট করেন তারা।

মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক সেখানে উপস্থিত হয়ে বলেন এ ঘটনায় পাঁচ সদস্য বিশিষ্ট একটি তদন্ত

কমিটি গঠন করা হয়েছে। তদন্ত অনুসারে ব্যবস্থা গ্রহণ করা হবে। তবে ভুক্তভোগীর পরিবারের সদস্যরা বলেন আগামী ৭২ ঘন্টার ভিতরে যদি কোনো সুষ্ঠু বিচার না হয় তাহলে আমরা কঠোর আন্দোলনে যেতে বাধ্য হব। এ সময় সেখানে উপস্থিত ছিলেন সৈকত, সৌরভ, তৌফিক, কৌশিক, হাসিব সহ আরো অনেকে।

উল্লেখ্য, গত সোমবার মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নার্সের অবহেলায় নবজাতকের মৃত্যুর অভিযোগ উঠে। নবজাতকটি অসুস্থ থাকায়, নবজাতক শিশু ও কিশোর বিশেষজ্ঞ ডাক্তার ওবায়দুল ইসলাম পলাশকে দেখানো হলে তিনি মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করার পরামর্শ দেন।

পরে বিকেল সাড়ে পাঁচটার দিকে হাসপাতালে ভর্তি করলে নবজাতকটি আরো বেশি অসুস্থ হয়ে পড়ে। এসময় ডিউটিরত নার্সদের কাছে গেলে বিষয়টি এড়িয়ে যান, এবং মোবাইল ব্যবহারে মগ্ন থাকেন। পরে রাত আনুমানিক আটটার দিকে নবজাতকের মৃত্যু হয়। এসময় নাজমিন নাহার ও জান্নাতুল নাঈম নামের দুজন নার্স ডিউটিরত ছিলেন।

শিশুর ডায়রিয়া হলে কী করবেন

এ বিষয়ে স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতালের শিশুরোগ বিশেষজ্ঞ ডা. নাঈমা সুলতানা বলেন, গরমে আমরা সাধারণ পাঁচ বছরের নিচের বাচ্চাদের ডায়রিয়ায় আক্রান্ত হতে দেখি।

এ সময় তারা কিছুই কেতে পারে না। কখনো কখনো শরীরে হালকা জ্বর থাকে। এমনটি হলে বুকের দুধ পান করে এমন শিশুদের প্রতিবার পাতলা পায়খানার পর ওরস্যালাইন খাওয়াতে হবে। অনেক সময় বাচ্চারা স্যালাইন খেতে চায় না। তাদের অল্প অল্প করে খাওয়ানোর চেষ্টা করতে হবে। আর একেবারেই স্যালাইন নিতে না চাইলে তরল অন্য যে কোনো খাবার, বাচ্চা খেতে পারে, তা দিতে হবে।

ডা. নাঈমা সুলতানা বলেন, আসলে বাচ্চাদের পাতলা পায়খানা একবার শুরু হলে, তা থামতে কিছুটা সময় লাগে। অনেক সময় ৮-১০ দিনও লেগে যেতে পারে। প্রশ্ন আসে তাহলে এ সময় আমাদের করণীয় কী? আমাদের

করণীয় হলো, কোনোভাবেই বাচ্চা যেন পানি শূন্যতায় না ভোগে, সে ব্যবস্থা করতে হবে। এজন্য যেসব বাচ্চা মায়ের দুধ খায়, তাকে অল্প অল্প করে মায়ের দুধ খাওয়াতে হবে। চিকিৎসক যে পরিমাণ ওরস্যালাইন লিখে দিয়েছেন, বাচ্চা একবারে নিতে না চাইলে বারবার চেষ্টা করে খাওয়াতে হবে।

তিনি পরামর্শ দেন, অভিভাবকদের অবশ্যই খেয়াল রাখতে হবে, বাচ্চা খেতে পারছে না কিনা এবং ঠিকমতো প্রস্রাব হচ্ছে কিনা। প্রস্রাব ঠিকঠাক না হলে দ্রুত নিকটস্থ হাসপাতালে নিতে হবে। তখন চিকিৎসক রোগীর অবস্থা দেখে ব্যবস্থা নিতে পারবেন।

এক প্রশ্নের জবাবে ডা. নাঈমা সুলতানা বলেন, নবজাতকের আসলে ত্বক সজীব থাকলে স্বস্তিতে থাকে। এজন্য গরমে বাচ্চাকে বেবি পাওডার দেওয়া যেতে পারে। তেল ব্যবহার না করাই ভালো। তবে গরমে একেবারেই কিছু ব্যবহার করা যাবে না, এমন ধারণা সঠিক নয়। প্রয়োজনে বেবি ওয়েল ব্যবহার করা যেতে পারে। আমরা সাধারণত বলে থাকি নবজাতককে ৭২ ঘণ্টা গোসল না করাতে। এরপর বাচ্চাকে নিয়মিত গোসল করাতে হবে। তাহলে সে সুস্থ থাকবে।

সূত্র: ডক্টর টিভি

মেহেরপুরে ভিটামিন ”এ” প্লাস ক্যাম্পেইন উপলক্ষে সাংবাদিকের সাথে ওরিয়েন্টেশন কর্মশালা

জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উদযাপন উপলক্ষে মেহেরপুরে জেলা পর্যায়ে সাংবাদিকদের সাথে ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার দুপুর সাড়ে ১২ টায় সিভিল সার্জনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।
সিভিল সার্জন ডা: নাসির উদ্দীনের সভাপতিত্বে কর্মশালায় মূল বক্তব্য উপস্থাপনা করেন মেডিক্যাল অফিসার ফয়সাল হারুন।
সিভিল সার্জন ডা: নাসির উদ্দীন বলেন, আগামী ৫ জুন থেকে ১৯ জুন

পর্যন্ত দুই সপ্তাহ ব্যাপী এ ক্যাম্পেইন চলবে।

৬ থেকে ১১ মাস বয়সী ৮১৪২ জন শিশুকে নীল রঙের ভিটামিন এ ক্যাপসুল্ এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী ৫৯৭৭২ জন শিশুকে লাল রঙের ক্যাপসুল খাওয়ানো হবে।

কর্মশালায় সঞ্চালনার দায়িত্ব পালন করেন ইপিআই সুপার আব্দুস সালাম। কর্মশালায় মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফজলুল হক, সাধারণ সম্পাদক আলামিন হোসেনসহ সাংবাদিকরা অংশ নেন।